রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৩, ২০১৭

সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৫—১০১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৪৭—২৭৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৯—৪৬ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৭৯—২০১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১১ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**আদেশাবলী**

তারিখ, ৪ পৌষ ১৪২৩/১৮ ডিসেম্বর ২০১৬

**নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০৪.২০১৬-১০০৮(৪)**—যেহেতু, জনাব মোহাম্মদ বদরুদ্দীন (পরিচিতি নং এ০০৮৮) উপ-পরিচালক (বর্তমানে জেলা এন এস আই, ঝিনাইদহ) জেলা এনএসআই, কুড়িগ্রাম কার্যালয়ে কর্মরত থাকাকালে তার অধীনস্থ সহকারী পরিচালক জনাব মোঃ শওকত ইসলাম (পরিচিতি নং এ০৩৭৩)-এর অনুকূলে ২৮-৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরকৃত নৈমিত্তিক ছুটি শুরু হওয়ার পাঁচ দিন পূর্বেই বিনানুমতিতে কর্মস্থল ত্যাগে সহায়তা ও অবৈধভাবে কর্মস্থলে গড়হাজির থাকার সুযোগ সৃষ্টি করে দেয়ার অভিযোগে 'সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ আনয়ন করা হয় এবং কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ করা হবে না সে বিষয়ে লিখিত জবাব চাওয়া হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানাতে বলা হয় ;

যেহেতু, জনাব মোহাম্মদ বদরুদ্দীন আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন এবং তাঁর আবেদনের প্রেক্ষিতে গত ১৯-১০-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। উক্ত শুনানীকালে এনএসআই-এর প্রতিনিধি হিসেবে উপ-পরিচালক মোঃ আব্দুস সামাদ সরকার উপস্থিত হয়ে প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি উপস্থাপন করেন ;

ব্যক্তিগত শুনানীতে জনাব মোহাম্মদ বদরুদ্দীন-এর প্রদত্ত বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র, এনএসআই-এর রংপুর বিভাগীয় কার্যালয়ের ৩০-১০-২০১৬ তারিখের ১১৯৭ স্মারকের পত্র, অভিযোগের প্রাথমিক তদন্ত প্রতিবেদন, সরকার পক্ষের উপস্থাপিত বক্তব্য ও কাগজপত্র ও তার পূর্বের সার্ভিস রেকর্ডসমূহ একত্রে পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, বিভাগীয় পরিচালক কর্তৃক প্রার্থীত ও মঞ্জুরকৃত ০৩(তিন) দিনের নৈমিত্তিক ছুটির পূর্বে ঈদ-উল-আযহার সরকারি ছুটি ও সাপ্তাহিক

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.

সরকারি ছুটি ছিল এবং নিয়ম অনুযায়ী অফিস প্রধান হিসেবে তাঁর অধীনস্থ সহকারী পরিচালকের নৈমিত্তিক ছুটি তাঁর কর্তৃক মঞ্জুরের নিয়ম অনুসৃত হচ্ছে না। সহকারী পরিচালকের নৈমিত্তিক ছুটি উপ-পরিচালক কর্তৃক মঞ্জুর না করে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক মঞ্জুরের নিয়ম অনুসৃত হওয়ায় মঞ্জুরকৃত নৈমিত্তিক ছুটির সংলগ্ন সরকারি ছুটির দিনসমূহে সহকারী পরিচালক কর্তৃক কর্মস্থল ত্যাগের বিষয়ে অফিস প্রধান হিসেবে উপ-পরিচালক কর্তৃক অবহিত না থাকার বিষয়টি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করা যৌক্তিক নয় মর্মে প্রতীয়মান হয় ;

সেহেতু, জনাব মোহাম্মদ বদরুদ্দীন-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৪/২০১৬-এ আনীত অভিযোগ থেকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(২) (এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো। ভবিষ্যতে অনুরূপ বিষয়ে সতর্ক থাকার জন্য বলা হলো।

**নং ০৩.০৭৯.০২৭.০৪.০০.০৪.২০১৬-১০০৯(৪)**—যেহেতু, জনাব মোঃ শওকত ইসলাম (পরিচিতি নং এ০৩৭৩) সহকারী পরিচালক, জেলা এনএসআই, কুড়িগ্রাম কার্যালয়ে কর্মরত থাকাকালে তার অনুকূলে গত ২৮-৩০ সেপ্টেম্বর ২০১৫ তারিখ পর্যন্ত মঞ্জুরকৃত নৈমিত্তিক ছুটি শুরু হওয়ার পাঁচ দিন পূর্বেই কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থল ত্যাগ করার অভিযোগে 'সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫' এর বিধি ৩(বি) মোতাবেক অসদাচরণের অভিযোগ আনয়ন করা হয় এবং কেন তার বিরুদ্ধে শাস্তিমূলক কার্যক্রম গ্রহণ করা হবে না তা জানতে চাওয়া হয় এবং তিনি ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানাতে বলা হয় ;

যেহেতু, জনাব মোঃ শওকত ইসলাম আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীর জন্য প্রার্থনা করেন ;

যেহেতু, জনাব মোঃ শওকত ইসলাম-এর আবেদনের প্রেক্ষিতে গত ১৯-১০-২০১৬ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং উক্ত শুনানীকালে এনএসআই-এর প্রতিনিধি হিসেবে উপ-পরিচালক মোঃ আব্দুস সামাদ সরকার উপস্থিত হয়ে প্রয়োজনীয় তথ্য প্রমাণাদি উপস্থাপন করেন ;

যেহেতু, জনাব মোঃ শওকত ইসলাম-এর বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র, এনএসআই-এর রংপুর বিভাগীয় কার্যালয়ের ৩০-১০-২০১৬ তারিখের ১৯৯৭ সালের পত্র, অভিযোগের প্রাথমিক তদন্ত প্রতিবেদন, সরকার পক্ষের উপস্থাপিত বক্তব্য ও কাগজপত্র ও তার পূর্বের সার্ভিস রেকর্ডসমূহ একত্রে পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, একান্ত নবীন কর্মকর্তা হিসেবে মঞ্জুরকৃত নৈমিত্তিক ছুটির সাথে সংযুক্ত সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগের বিষয়ে অনুমতি গ্রহণের বাধ্যবাধকতার বিষয়ে না জানা অগ্রহণযোগ্য হলেও প্রথম বারের মত এর ব্যত্যয় শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচনা করা যৌক্তিক মর্মে প্রতিভাত হচ্ছে না ;

সেহেতু, জনাব মোঃ শওকত ইসলাম, সহকারী পরিচালক (পরিচিতি নং এ০৩৭৩), জেলা এনএসআই, কুড়িগ্রাম-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা নং ০৫/২০১৬-এ আনীত অভিযোগ থেকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৭(২) (এ) অনুযায়ী অব্যাহতি প্রদান করা হলো। এবং ভবিষ্যতে অনুরূপ বিষয়ে সতর্ক থাকার জন্য বলা হলো।

**সুরাইয়া বেগম** এনডিসি
সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ অগ্রহায়ণ ১৪২৩/১৪ ডিসেম্বর ২০১৬

**নং ইউ-এন মেঃ-১/০৯/ডি-৭/৫১১**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত ২০(বিশ) জন কর্মকর্তাকে জাতিসংঘের অধীনে বিভিন্ন শান্তিরক্ষা মিশনে দায়িত্ব পালনকালে তাঁদের কর্তব্যনিষ্ঠার স্বীকৃতিস্বরূপ জাতিসংঘ কর্তৃক প্রদত্ত পদক পরিধানের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | দায়িত্ব পালনের মেয়াদ | | মিশন এবং যে দেশে নিয়োজিত ছিল |
|---|---|---|---|---|
| | | হইতে | পর্যন্ত | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | এয়ার কমডোর আনিসুর রহমান, ওএসপি, এডব্লিউসি, পিএসসি (বিডি/৭৪০৩), জিডি(পি) (এলপিআর) | ১৫.১২.১৪ | ০৯.০১.১৬ | মিনুসমা (MINUSMA) মালি |
| ২। | এয়ার কমডোর মোঃ আমিনুল ইসলাম, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৭৯২৩), জিডি(পি) | ০৯.১১.১৪ | ০২.১২.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ৩। | গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর) কাজী মাজহারুল করিম, বিইউপি, পিএসসি (বিডি/৮২৩০), জিডি(পি) | ০৯.০৯.১৪ | ০৯.০১.১৬ | মিনুসমা (MINUSMA) মালি |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ জাহিদ হোসেন, এনডিসি, পিএসসি (বিডি/৭৭৪৯), এডিডব্লিউসি | ২৬.১০.১৩ | ০৫.১১.১৪ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ মঈনুদ্দীন, এএফডব্লিউসি, পিএসসি (বিডি/৭৯২৯), এডিডব্লিউসি | ২১.১১.১৪ | ০২.১২.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ৬। | উইং কমান্ডার মোঃ আমিনুর রেজা ইবনে আবেদীন, পিএসসি (বিডি/৮৪১১), এডিডব্লিউসি | ১৬.১২.১৪ | ২৮.১২.১৫ | মিনুসমা (MINUSMA) মালি |
| ৭। | উইং কমান্ডার মোঃ রবিউল হাসান, পিএসসি (বিডি/৮৪১২), এডিডব্লিউসি | ১৫.১২.১৪ | ২৮.১২.১৫ | মিনুসমা (MINUSMA) মালি |
| ৮। | উইং কমান্ডার এফ এম নেয়ামত উল্লাহ (বিডি/৮৪৫২), এডমিন | ০৬.১২.১৪ | ০৮.১২.১৫ | আনমিস (UNMISS) দক্ষিণ সুদান |
| ৯। | উইং কমান্ডার মকবুল আহমেদ, পিএসসি (বিডি/৮৫৪৪), এটিসি | ০৩.১০.১২ | ০১.১১.১৩ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| | | ২১.১১.১৪ | ০২.১২.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১০। | উইং কমান্ডার মির্জা নাজমুল কবীর, পিএসসি (বিডি/৮৬৫২), এডিডব্লিউসি | ০৪.০৮.১৪ | ০৮.০৮.১৫ | মিনুসমা (MINUSMA) মালি |
| ১১। | স্কোয়াড্রন লীডার মোহাম্মদ মাহমুদুল হাছান, পিএসসি (বিডি/৮৯১৭), এডিডব্লিউসি | ২১.১২.১৪ | ২০.১২.১৫ | মিনুসকা (MINUSCA) সেন্ট্রাল আফ্রিকান প্রজাতন্ত্র |
| ১২। | স্কোয়াড্রন লীডার মোঃ মোকাররাবিন (বিডি/৮৯৯০), মেডিক্যাল | ২৪.১০.১৪ | ১৪.১১.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১৩। | স্কোয়াড্রন লীডার মুহাম্মদ আনিসুর রহমান (বিডি/৯১০২), জিডি(পি) | ০১.১১.১৪ | ১৮.১১.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১৪। | স্কোয়াড্রন লীডার মোঃ আল আমিন (বিডি/৯২৪০), জিডি(পি) | ১০.০৫.১৫ | ২৫.০৫.১৬ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১৫। | স্কোয়াড্রন লীডার ফয়সাল আহমেদ (বিডি/৯৩১০), জিডি(পি) | ২৪.১০.১৪ | ৩০.১১.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১৬। | স্কোয়াড্রন লীডার মোঃ রাশেদ ফিয়াম (বিডি/৯৩১৭), এডমিন | ২২.০২.১৫ | ০৮.০৩.১৬ | ইউনামিড (UNAMID) দারফুর, সুদান |
| ১৭। | স্কোয়াড্রন লীডার তাহসিন ইসলাম সিদ্দিকী (বিডি/৯৩৩২), জিডি(পি) | ০১.১১.১৪ | ১৮.১১.১৫ | মনুস্কো (MONUSCO) ডি আর কঙ্গো |
| ১৮। | স্কোয়াড্রন লীডার মোঃ তাইফ হোসেন (বিডি/৯৩৬৭), জিডি(পি) | ০৮.০২.১৬ | ২৬.০২.১৬ | অনুসি (ONUCI) আইভরিকোষ্ট |
| ১৯। | স্কোয়াড্রন লীডার মোঃ সরোয়ার মূয়ীদ (বিডি/৯৪০১), জিডি(পি) | ৩০.১১.১৪ | ১৫.১২.১৫ | ইউনামিড (UNAMID) দারফুর, সুদান |
| ২০। | স্কোয়াড্রন লীডার মোঃ মাসুদ পারভেজ (বিডি/৯৪০৫), জিডি(পি) | ১৯.১০.১৪ | ০১.১১.১৫ | ইউনামিড (UNAMID) দারফুর, সুদান |

**মোঃ সফিকুল আহম্মদ**
যুগ্ম-সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৩ অগ্রহায়ণ, ১৪২৩/৭ ডিসেম্বর, ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬২২**—ডিএমপি, ঢাকার মিরপুর মডেল থানার মামলা নং ১৪, তারিখ ০৩-১০-২০১২, পাসপোর্ট আইন, ১৯৫২ এর ধারা ৩(চ) ডিবি (দক্ষিণ), ডিএমপি ঢাকার সাধারণ ডায়েরী নং-১৩৭, তারিখ, ০৩-১০-২০১২ এর ভিত্তিতে অভিযান পরিচালনা করে মিরপুর থানাধীন ৭৯৯ পশ্চিম শেওড়াপাড়াস্থ জনৈক হেলাল সাহেবের বাড়ীর টিনশেড ঘরে আসামী মোসা: রাশিদা (২৫) স্বামী মো: জসিম উদ্দিন এর নিকট হতে ০৫(পাঁচ) টি বাংলাদেশী পুরাতন পাসপোর্ট ও সোনালী ব্যাংক লিঃ এর অনুকূলে আন্তর্জাতিক পাসপোর্টের জন্য টাকা জমা দেওয়ার ০৭(সাত) টি বই অবৈধভাবে অসৎ উদ্দেশ্যে নিজ হেফাজতে রাখার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষে সরকারের অনুমোদন (Sanction) প্রদান করা আইনগতভাবে আবশ্যকীয় বিধায় পাসপোর্ট (অপরাধ) আইন, ১৯৫২ এর ধারা ৩ উপধারা (২) এর অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬২৩**—ডিএমপি, ঢাকা শাহআলী মডেল থানার মামলা নম্বর-১৩, তারিখ ১১-০৮-২০১৬, খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/ ২০১৩) ৬(২)/৮/৯/১০/১১/১২ ও ১৩ গত ০৯-০৮-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা শাহআলী থানাধীন বাড়ী নং ১২-খ, রোড নং-০২, উত্তর বিশিল জনৈক মোঃ রিপন হোসেন এর টিনশেড বসত ঘরে আসামী জাহিদ আনোয়ার @ পরাগ (২২) পিতা-মৃত জলিলুর রহমানসহ ও অন্যান্য আসামীগণ নতুন ধারা জেএমবি (নব্য জেএমবি) সংগঠনের সদস্য হয়ে নিষিদ্ধ সংগঠনের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষে সন্ত্রাসী, নাশকতামূলক কাজ, রাষ্ট্রের ভাবমূর্তি ক্ষুণ্নকারী কাজের ষড়যন্ত্র ও অবৈধ অস্ত্র, গোলাবারুদ হেফাজতে রাখা, অবৈধ বিস্ফোরক প্রস্তুত করে জননিরাপত্তা বিঘ্ন করার প্রচেষ্টা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৪.১৪-৬২৪**—ডিএমপি ঢাকার মিরপুর থানার মামলা নম্বর-২৮, তারিখ ১৬-০৮-২০১৬, খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৮/৯(২)/১০/১১/১৩ গত ১৫-০৮-২০১৬ খ্রিঃ তারিখ ডিএমপি, ঢাকা মিরপুর থানাধীন জনতা হাউজিং ৭৩ অবকাশ ভিলায় আসামী আকলিমা রহমান @ মনি (২৩) পিতা-মো: শহিদুর রহমানসহ ও অন্যান্য আসামীগণ নতুন ধারা জেএমবি নারী দলের সদস্য হয়ে নিষিদ্ধ সত্তার সদস্য পদ সমর্থন, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র প্রচেষ্টা ও সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ২৪ অগ্রহায়ণ, ১৪২৩/৮ ডিসেম্বর, ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-৬২৫**—বগুড়া জেলার ধুনট থানার মামলা নম্বর-১৪, তারিখ ২২-০৭-২০১৬ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) এর (ঈ)/১০ ধারা তৎসহ ১৮৭৮ সালের আর্মস এ্যাক্টস ১৯ (এফ) গত ২১-০৭-২০১৬ খ্রিঃ তারিখ বগুড়া জেলার ধুনট থানাধীন পৌরসভাস্থ পশ্চিম ভরনশাহী গ্রামের জনৈক আব্দুল হান্নান এর তিন রুম বিশিষ্ট টিনশেড বসত বাড়ীর বারান্দা আসামী মোঃ নাসির উদ্দিন (২২) পিতা-মৃত সাইফুল ইসলাম গংসহ ও অন্যান্য আসামীগণ দেশীয় অস্ত্র নিজ হেফাজতে রাখিয়া সন্ত্রাসী কার্যকলাপে লিপ্ত থাকার অপরাধ। আসামীগণ সন্দেহভাজন জঙ্গি দলের সদস্য এবং সরকারের তথা রাষ্ট্রের ক্ষতিসাধনের লক্ষ্যে নাশকতামূলক কর্মকাণ্ড সংগঠিত করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

**অগ্নি অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ অগ্রহায়ণ ১৪২৩/২৪ নভেম্বর ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০২৫.২৫.০০৬.১১-৭৩৫**—স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের অধীনস্থ সিলেট জেলার বালাগঞ্জ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশনের নাম পরিবর্তন করে 'ওসমানীনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন' নামকরণ করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
যুগ্মসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**চিকিৎসা শিক্ষা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২২ ডিসেম্বর ২০১৬

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৩**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক রওশন জাহান ইষ্টার্ণ মেডিকেল কলেজ ও হাসপাতাল (ইউনানী), লক্ষ্মীপুর-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিষ্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নেবর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্নাতক মানে উন্নীতকরণে সরকারি অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

১. বেসরকারি পর্যায়ে ইউনানী-আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনা নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মতি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সাপেক্ষে স্নাতক কোর্সের শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে।

৩. স্নাতক কোর্স পরিচালনার জন্য সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. বর্তমান এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৪**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক হামদর্দ ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, বগুড়া-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিষ্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠানকে স্নাতক মানে উন্নীতকরণে সরকারি অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

১. বেসরকারি পর্যায়ে ইউনানী-আয়ুর্বেদিক কলেজ ও হাসপাতাল (স্নাতক মান) স্থাপন ও পরিচালনা নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সম্মতি ও পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি সাপেক্ষে স্নাতক কোর্সের শিক্ষা কার্যক্রম শুরু করতে হবে।

৩. স্নাতক কোর্স পরিচালনার জন্য সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. বর্তমান এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৫**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক পঞ্চগড় ইউনানী মেডিকেল কলেজ এন্ড হাসপাতাল, পঞ্চগড়-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিষ্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বর্ণিত প্রতিষ্ঠানের সরকারি অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

১. স্বীকৃতি প্রাপ্তির ২(দুই) বছরের মধ্যে প্রতিষ্ঠানের কার্যক্রম নিজস্ব ভবনে স্থানান্তর করতে হবে।

২. প্রতিষ্ঠানের বহির্বিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।

৩. সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৪. এতদ্‌সংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

**নং স্বাপকম/চিশি-২/বেসমেক ও ডেকহা-০১/২০১৬/৬১৬**—গত ১৬-১১-২০১৬ ইং তারিখে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজ/আইএইচটি/ম্যাটস, আসন সংখ্যা বৃদ্ধি, নবায়ন, কোর্স অনুমোদন ইত্যাদি সংক্রান্ত কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক শেখ মোঃ ইব্রাহিম খলিল মাজমপাড়া ইউনানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, গফরগাঁও, ময়মনসিংহ-এর বিষয়ে বাংলাদেশ বোর্ড অব ইউনানী অ্যান্ড আয়ুর্বেদিক সিষ্টেমস্ অব মেডিসিন এর সুপারিশ বিবেচনায় নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বর্ণিত প্রতিষ্ঠানের সরকারি অনুমতি প্রদান করা হলো।

**শর্তাবলী ঃ**

১. প্রতিষ্ঠানের বহির্বিভাগীয় দাতব্য চিকিৎসা সেবার পাশাপাশি নিজস্ব ভবনে ইনডোর চিকিৎসা ব্যবস্থা চালু করতে হবে।

২. সরকার এবং বোর্ডের নিকট কোনরূপ আর্থিক মঞ্জুরী দাবী কিংবা এর উপর নির্ভরশীল হওয়া যাবে না।

৩. এতদ্‌সংশ্লিষ্ট বিদ্যমান নীতিমালা এবং সময়ে সময়ে জারীকৃত বিধান ও নিয়মাবলী যথাযথভাবে মেনে চলতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বদরুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**[একই নাম্বার ও স্মারকে প্রতিস্থাপিত]**

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ অগ্রহায়ণ ১৪২৩/১৪ ডিসেম্বর ২০১৬

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৩.১৩-১৪৯০**—পটুয়াখালী জেলার গলাচিপা পৌরসভার মেয়র জনাব আবদুল ওহাব খলিফা গত ০৮-১১-২০১৬ ইং তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত মেয়র এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব (পৌর-১)।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০১ পৌষ ১৪২৩/১৫ ডিসেম্বর ২০১৬

**নং ৪৬.০০.০০০০.০৬৩.৩২.০০২.১৬-১৫০২**—বগুড়া জেলার শেরপুর পৌরসভার ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব এ,বি,এম মোস্তাফিজুর রহমান গত ২৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখ মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৩৩(১)(চ) মোতাবেক সরকার উল্লিখিত ০৭ আসনের কাউন্সিলর এর পদ শূন্য ঘোষণা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ১৩ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২৭ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৬.২০১৪-৩২২**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালা ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | চৌধিরকান্দি | ১৬৫ | গোয়াইনঘাট | সিলেট |
| (২) | ফাদলীপুর | ২৫১ | গোয়াইনঘাট | সিলেট |
| (৩) | টেংরা | ৬৮ | বিশ্বনাথ | সিলেট |
| (৪) | চান্দসিরকাফন | ৮৭ | বিশ্বনাথ | সিলেট |
| (৫) | চারাবই | ৫২ | বিয়ানীবাজার | সিলেট |
| (৬) | ঘড়ুয়া | ৫৪ | বিয়ানীবাজার | সিলেট |
| (৭) | দেউলগ্রাম | ৫৯ | বিয়ানীবাজার | সিলেট |
| (৮) | সিলেটীপাড়া | ৭৬ | বিয়ানীবাজার | সিলেট |
| (৯) | আবাঙ্গি | ৮৮ | বিয়ানীবাজার | সিলেট |
| (১০) | ছত্তিস | ৮৯ | বিয়ানীবাজার | সিলেট |
| (১১) | চন্দগ্রাম | ৯৮ | বিয়ানীবাজার | সিলেট |
| (১২) | লাসাইতলা | ১০৭ | বিয়ানীবাজার | সিলেট |
| (১৩) | খলাসনদত্ত | ১১০ | বিয়ানীবাজার | সিলেট |
| (১৪) | কোনাগ্রাম | ১৪৩ | বিয়ানীবাজার | সিলেট |
| (১৫) | হালিমপুর | ১০২ | দিরাই | সুনামগঞ্জ |
| (১৬) | দৌলতপুর | ১০৫ | দিরাই | সুনামগঞ্জ |
| (১৭) | কল্যাণপুর | ১৫ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১৮) | দিঘলবাক উত্তর | ১৯ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (১৯) | সনুয়াখাই | ২১ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২০) | জমিবিষ্ণু | ২৫ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২১) | ভাগরকান্দি | ২৮ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২২) | মোহাম্মদ হাজী | ৩৫ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৩) | গনেশ্বরপুর | ৫৮ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৪) | কামিনীপুর | ৮৫ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৫) | নাছিরপুর | ৯৮ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৬) | জয়হরি পুর | ১১১ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৭) | কামারগাঁও | ১২৪ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৮) | কটকা | ১৩৭ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (২৯) | সমদল চক | ১৭২ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩০) | যত্রাপাশা চক | ১৭৩ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩১) | পারোয়া | ১৭৪ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩২) | ত্রৈলক্ষ্য নাথপুর | ১৯৭ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৩৩) | সুবারুকহা | ২০১ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩৪) | জন্তরী | ২৩০ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩৫) | সোনাতনপুর চক ২য় খণ্ড | ২৪৯ | জগন্নাথপুর | সুনামগঞ্জ |
| (৩৬) | রুপশপুর | ৬৭ | শ্রীমঙ্গল | মৌলভীবাজার |
| (৩৭) | মৌলভীবাজার মিউনিসিপ্যালিটি | ১০৬ | মৌলভীবাজার সদর | মৌলভীবাজার |
| (৩৮) | পলাশপুর | ৭৪ | নবিগঞ্জ | হবিগঞ্জ |
| (৩৯) | কানাইপুর | ৮৮ | নবিগঞ্জ | হবিগঞ্জ |
| (৪০) | সৈয়দপুর | ১৭৩ | নবিগঞ্জ | হবিগঞ্জ |
| (৪১) | দক্ষিণ উমরপুর | ১৭৮ | নবিগঞ্জ | হবিগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্ম-সচিব।